## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্ত প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৪ই আশ্বিন বুধবার ১৩৬৫ ইংরাজী 1st Oct. 1958 { ২০শ সংখ্যা

৯ই আশ্বিন ১৮৮০ শকাব্দ






মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত
জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

## শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

## আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

দূরের মানুষ কাছে হয়
ফটো যদি সঙ্গে রয়
রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৪ই আশ্বিন বুধবার সন ১৩৬৫ সাল।

# বে-আদব পুলিশ !

—॰—

শিবপুরে (কৈলাসে?) র-মনী (RAW MONEY) ও রমণী লইয়া উচ্চপদস্থ বহু মান্যগণ্য সরকারী কর্ম্মচারীকে প্রলোভিত করিয়া পদস্খলিত হওয়ার নিন্দনীয় সংবাদ পাইয়া পুলিশ কলঙ্কিত ব্যক্তিদের নাম ফাঁস করিয়া দিয়া উচ্চ-পদাধিকারীদের নিকট আদব রাখিতে পারে নাই।

— গল্প আছে —

স্বয়ং রাজা চরিত্রহীন। তিনি এক ডোম-রমণীর (মুদ্দফরাস) প্রেমে আসক্ত হইয়া প্রত্যহ দুইপ্রহর রাত্রে তার বাড়ী যান আবার ভোরে খিড়কীর পথে রাজধানী প্রবেশ করেন। প্রাতঃকালে রাজসভায় বসিয়া পুলিশ প্রধান কোতোয়ালকে নগরের খবর জিজ্ঞাসা করেন। কোতোয়াল সংবাদ দেন—সব ঠিক হ্যায়। রাজা নিজেই জানেন তিনিই রোজ অপরাধ করেন— কিন্তু পুলিশ কোনও দিন ধরিতে পারে না। কাজেই তারা কোন কাজ করে না। প্রত্যহ কোতোয়ালকে ডিসমিস্ করিয়া পরবর্ত্তী পদের লোককে উক্ত পদে বাহাল করেন। পুলিশ মহলে খুব উদ্বেগ দেখা দিল। একদিন এক কোতোয়াল বাহাল হইয়াই অনুমান করিল—স্বয়ং রাজাই বে-আইনী কাজ করেন এঁর উপর নজর রেখে আমি সব পুলিশকে ঘুমাবার আদেশ দিয়া খিড়কীর দরজার পাশে প্রচ্ছন্নভাবে থাকিয়া সব লক্ষ্য করবো। সে তাই ক'রে দেখলো—গভীর রাত্রে রাজা খিড়কী দরজা দিয়া বাহির হইলেন। খিড়কীর পথে পাচক ফেন ফেলায় রাজা খালি পায়ে যেতে যেতে পা পিছলে পড়ে গিয়ে উঠে পাছায় হাত বুলাইতে বুলাইতে চলিলেন। কোতোয়াল দূরে থাকিয়া তাহার অনুসরণ করিল। রাজা ডোম-রমণীর ঘরে গিয়া এক থালায় তার সঙ্গে খাইলেন। জল খাইতে গেলেন ধোপারা যে ঘাটে কাপড় কাচে সেই পুকুরে। ফিরিয়া মড়ার খাটে উভয়ে ঘুম গেলেন। ভোর হ'তে না হ'তে উঠে খিড়কী দিয়া রাজবাড়ী প্রবেশ করিলেন। সকালবেলা রাজসভায় বসিয়াই কোতায়াল সেলাম করিতেই তাকে জিজ্ঞাসা করিলেন—কহ সিপাহী রাত কা বাত।

কোতোয়াল—কহেঙ্গে হুজুর রাত কা বাত?

পহেলী পটকান চুতার মে হাত।
পীরিত না মানে ছোটা জাত।
ভুক না মানে জুঠা ভাত।
পিয়াস না মানে ধোবী ঘাট।
ঘুম না মানে মুর্দ্দাখাট।

রাজসভার সভ্যগণ কেহই কিছু বুঝিল না কিন্তু রাজা কোতোয়ালের সব বুঝিয়া বলিলেন—তোম্‌হারা ডবল বেতন আজসে মিলে গা। তোম ঠিক ডিউটী দেতা হ্যায়। আউর সব ফাঁকিবাজ। কোতোয়াল এমন কৌশলে রাজার সম্রমে আঘাত না দিয়া তাহার কর্ত্তব্যের পরীক্ষা দিল।

আমরা আশা করি সর্ব্বশ্রেষ্ঠ রাজপ্রতিনিধি এই RAW MONEY ও রমণীর প্রলোভন-দাতাকে পুরস্কৃত করিতে ভুলিবেন না। তিনি বহু উচ্চ-রাজপুরুষের বুকে ষ্টেথিসকোপ না দিয়া তাদের অন্তরের ব্যাপার বাহির করিয়াছেন। শ্রেষ্ঠ শাসকের ইজ্জৎ রাখিয়া বহু চরিত্রহীনের পরিচয় দিয়া রাজকার্য্য সম্পন্ন করিয়াছেন। এইবার উপাধি বিতরণের সময় তাহাকে "পদ্ম প্রকাশক" বা সেই প্রকারের উপাধি দিবার ব্যবস্থা করিবেন। রাজার আইন রাজা নিজে না মেনে পুলিশের নিকট ধরা পড়ে তার বেতন বাড়ালেন। এই সব বড় বড় দুর্নীতিপরায়ণ হোমরাচোমরা বোধ হয় পুলিশের চাকরী খেতো। হাটে হাঁড়ি ভাঙাই ঠিক পন্থা। বে-আদবের কাছে আদব ঠিক ঔষধ নয়।

---

## জলে ডুবিয়া বালিকার মৃত্যু

গত ১৩ই আশ্বিন মঙ্গলবার দুপুরে রঘুনাথগঞ্জ মুসলমানপাড়ার নেজার সেখের দুই বৎসর বয়স্কা কন্যা নিকটস্থ পুকুরের জলে ডুবিয়া গিয়া মারা গিয়াছে।

## শ্রীযুক্তা নেলী সেনগুপ্তা আহত

বিগত ২৩শে সেপ্টেম্বর পূর্ব্ব পাকিস্থান বিধান সভার হামলায় ৭০ বৎসর বয়স্কা কংগ্রেসনেত্রী শ্রীযুক্তা নেলী সেনগুপ্তা পাক পুলিশের পীড়নে আহত হইয়াছেন।

দেশপ্রিয় যতীন্দ্রমোহনের পত্নী শ্রীযুক্তা সেনগুপ্তা দেশ বিভাগের সময় পূর্ব্ববঙ্গের সংখ্যালঘুদের কল্যাণের জন্য তথায় থাকিয়া যান এবং পাকিস্থান জাতীয় কংগ্রেসের মনোনয়নে পূর্ব্ব পাকিস্থান বিধান সভায় নির্ব্বাচিত হন।

---

## বার হাজার টাকার গাঁজা

বিগত ৮ই সেপ্টেম্বর স্থলশুল্ক বিভাগের কর্ম্মচারিগণ নিমতিতা রেল-ষ্টেশন হইতে ফিরিবার সময় ডিহি-গ্রামের নিকট একখানি এক্কা গাড়ীতে একজন অপরিচিত ভদ্রলোককে দেখিতে পান। সন্দেহের বশবর্ত্তী হইয়া তাঁহার স্যুটকেশ ও মালপত্র তল্লাসী করিয়া এক মণ চৌদ্দ সের গাঁজা বাহির হয়। উহার মুল্য প্রায় বার হাজার টাকা।

---

## আততায়ী হস্তে খুন

সাগরদীঘি থানার অন্তর্গত ডাঙ্গাপাড়া নিবাসী শ্রীধরণীধর চট্টোপাধ্যায় মহাশয় দিন কয়েক পূর্ব্বে আততায়ী হস্তে খুন হইয়াছেন। পুলিশ কয়েকজনকে গ্রেপ্তার করিয়াছেন বলিয়া প্রকাশ।

---

## হাসুয়ার আঘাতে খুন

বিগত ১৪ই সেপ্টেম্বর রাত্রে হীরানন্দপুর গ্রামের সঙ্গতিপন্ন গৃহস্থ জোহর আলি মুন্সী আততায়ী হস্তে নিহত হইয়াছেন। বিবরণে প্রকাশ দ্বিপ্রহর রাত্রে মুন্সীজী প্রসাব করিবার জন্য বাহিরে আসিলে আততায়ীরা তাঁহার পেটে ধারাল হাসুয়ার আঘাত করে, ঐ আঘাতে পেটের নাড়িভুঁড়ি বাহির হয়। তাঁহার চীৎকারে বাড়ীর লোকজন জাগিয়া উঠিলে আক্রমণকারীরা পলায়ন করে। মুন্সীর পেটে ব্যাণ্ডেজ বাঁধিয়া পরদিন বহরমপুর হাসপাতালে লইয়া যায় এবং সেখানেই মারা যায়। পুলিশ তদন্ত চলিতেছে।

---

## বদমায়েস গ্রেপ্তার

বিগত ১০ই সেপ্টেম্বর রাত্রি ১১ টার সময় পাঁচজন অপরিচিত ব্যক্তিকে সন্দেহজনক ভাবে ঘোরাঘুরি করার জন্য অরঙ্গাবাদ বাজারের কয়েকজন যুবক তাহাদিগকে আটক করে। তাহাদের ব্যাগ হইতে চর্চ্চ লাইট ও ধারাল অস্ত্র পাওয়া যায়। যুবকগণ সুতি থানায় খবর দেওয়ায় পুলিশ উক্ত পাঁচ ব্যক্তিকে গ্রেপ্তার করিয়া জঙ্গিপুর কোর্টে চালান দিয়াছেন।

## বোকামী না নষ্টামী

নূন-নেহেরু চুক্তি সই হইতে না হইতে এক শ্রেণীর মুসলমান যে ভাবে পাকিস্থানের ধ্বজা উড়াইতেছে, তাহাতে ইহাদের পঞ্চম বাহিনী বলিয়া যাহারা সতর্ক করিয়া দিতেছেন, তাঁহাদের দোষ দেওয়া যায় না। সীমান্তের বহু মুসলমান পাকিস্থানীদের সাধিয়া আনিয়াছে। পরিখা খুঁড়িয়াছে। রাতে খানা খাওয়াইয়াছে। আবার পাকিস্থানী ঝাণ্ডা উড়াইয়া উদ্দণ্ড নৃত্য করিতেছে? ব্যাপারখানা কি?

বসিরহাটে পাঁচজন কংগ্রেসী মুসলিম নেতার কীর্ত্তি দেখিয়া অবাক হইয়াছি। ইহারা কংগ্রেসের পদ আঁকড়াইয়া ভিতর ভিতর যে একটা দেশদ্রোহী, তাহা তো ধারণা করাই যায় নাই। সম্প্রতি গুপ্তচরী কাণ্ডের কথা প্রকাশ পাওয়ায় তাজ্জব হইতে হইয়াছে।

মুর্শিদাবাদেও কিছুদিন পূর্ব্বে ঠিক এমনই কতক কংগ্রেসীমার্কা মুসলমানের কেলেঙ্কারী ধরা পড়িয়াছিল। এবার বসিরহাটেও ধরা পড়িল। মহম্মদ আবদুল গফুর প্রমুখ যাহারা কংগ্রেসী সাজিয়াছিল, তাহারা গ্রেপ্তার হইয়াছে। হাকিম কাহাকেই জামিন দিতে রাজী হয়েন নাই। ইহাদের বোকামী দেখিয়া দুঃখ হয়। চারি কোটি মুসলমানকে ভারতে ফেলিয়া রাখিয়া যাহারা পাকিস্থানে বাদশাহী করিতেছে, অথচ সেখানকার জনসাধারণ দুঃখ পাইতেছে দেখিয়াও যাহারা মার্কিনের মুরুব্বিয়ানায় আত্মঘাতী নীতি অনুসরণ করিতেছে, তাহাদের এ সব কি বলিব? বোকামী না নষ্টামি?

"পল্লীবাসী"

## কৃষি, শিল্প ও স্বাস্থ্য প্রদর্শনী

মুর্শিদাবাদ জেলা কৃষি শিল্প ও স্বাস্থ্য প্রদর্শনী কমিটির সভ্যগণের এক সভা জেলা শাসক মহোদয়ের সভাপতিত্বে গত ১৬ই সেপ্টেম্বর তারিখ অনুষ্ঠিত হইয়াছে। আগামী জানুয়ারী মাসের দ্বিতীয় ভাগে জেলা প্রদর্শনী অনুষ্ঠিত হইবে বলিয়া সভায় সাব্যস্ত হয়।

—জেলা প্রচার দপ্তর

## দাঙ্গার ফলে চারি ব্যক্তি খুন

দিন কয়েক পূর্ব্বে সুতী থানার অন্তর্গত গাজীন গ্রামে গোয়ালাগণের সহিত গ্রামবাসীদের এক সংঘর্ষের ফলে শ্রীসুরেন্দ্র ঘোষ, শ্রীদেবেন্দ্র ঘোষ, শ্রীসাধু ঘোষ ঘটনাস্থলে মারা গিয়াছে। আহত যদু ঘোষ জঙ্গিপুর হাসপাতালে মারা গিয়াছে। আরও দুইজন চিকিৎসার্থে জঙ্গিপুর হাসপাতালে আছে। পুলিশ তদন্ত চলিতেছে।

## রেলপথে ধান্য ও চাউল আনা লওয়া এবং বুকিং করার উপর নিষেধাজ্ঞা

রাজ্যের বাহিরে ধান/চাউলের সম্ভারের অননুমোদিত চালান নিরোধের উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ সরকার ১৯৫৮ সালের ১৫ই সেপ্টেম্বর ১৯৫৮ সালের পশ্চিমবঙ্গ খাদ্যশস্য (রেল-বুকিং এর উপর নিষেধাজ্ঞা) আদেশ জারী করিয়াছেন। এতদনুসারে উপযুক্ত প্রাধিকারীর অধীনে ছাড়া এবং তাহার প্রদত্ত কোন পারমিট ব্যতীত নিম্নোক্ত রেল-ষ্টেশনগুলির কোন একটিতে ধান/চাউল প্রেরণ এবং পশ্চিমবঙ্গের অপর কোন রেল-ষ্টেশন হইতে এই সকল রেল-ষ্টেশনে ধান/চাউল বুকিং এর উপর নিষেধাজ্ঞা জারী করা হইয়াছে। তবে কোন প্রকৃত ভ্রমণকারী (স্ত্রী বা পুরুষ) তাঁহার মালপত্রের অংশ হিসাবে অনধিক পাঁচ সের ওজনের চাউল/ধান আনিলে বা বুক করিলে তাহার প্রতি এই নিষেধাজ্ঞা প্রযোজ্য হইবে না।

রেলষ্টেশন সমূহ:—বরাকর, রূপনারায়ণপুর রাজগাঁ, লছমনপুর—পূর্ব্ব রেলপথ। গিধনী, খুলিন বিরাখড়ি, সুইসা, চাণ্ডিল, সাস্তালডি—দক্ষিণ-পূর্ব্ব রেলপথ। কুমেনপুর, রায়গঞ্জ—উত্তর-পূর্ব্ব সীমান্ত রেলপথ। (প্রেসনোট)

## ট্রেনের সময় পরিবর্ত্তন

১লা অক্টোবর হইতে ট্রেনের সময় পরিবর্ত্তন হইয়াছে। জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে ট্রেণ আসার সময় নিম্নে দেওয়া হইল।

ডাউন ট্রেণ (আজিমগঞ্জ অভিমুখে)

৩৩৭নং সকাল—৬-৫ মিঃ

২ এ-ডি দুপুর—১২-৪৫ মিঃ

৩৮০নং সন্ধ্যায়—১৮-৫ মিঃ

আপ ট্রেণ (নিমতিতা অভিমুখে)

৩৭৯নং সকাল—৯-৪০ মিঃ

৩৩৩নং বৈকাল—১৫-২৯ মিঃ

১ এ-ডি রাত্রি—২-১১ মিঃ

## কর্ম্মী চাই

"জঙ্গিপুর-রঘুনাথগঞ্জ কো-অপারেটিভ্ মালটি পারপাস্ সোসাইটি লিঃ এর জন্য অফিস সংক্রান্ত কার্য্যাদি ও কয়লা বিক্রয়াদির জন্য মাসিক ৫০ (পঞ্চাশ) টাকা বেতনে একজন সুদক্ষ কর্ম্মীর প্রয়োজন। অতি সত্বর নিম্ন স্বাক্ষরকারীর নিকট আবেদন করিতে হইবে। সমিতির সভ্যের দাবী অগ্রগণ্য বলিয়া বিবেচিত হইবে।"

শ্রীকালীপদ দাস, সম্পাদক

২২।৯।৫৮

## জমি বিক্রয়

থানা সুতীর অন্তর্গত রাতুরী মৌজায় (ডাঁই গ্রামে) আনুমানিক ২৫৷৷০ সাড়ে পঁচিশ বিঘা উৎকৃষ্ট ধানী জমি বিক্রয় হইবে। গ্রাহকগণ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। ১৩৬৫, ১৩ই ভাদ্র

শ্রীজগন্নাথ ত্রিবেদী, জেমো নূতনবাটী

পোঃ কান্দি, জেলা মুর্শিদাবাদ।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটান সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত